হরিণাকুন্ডুতে কৃষি ব্যাংকের শাখা স্থানান্তর চেষ্টার প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার ভালকী বাজারে কৃষি ব্যাংকের শাখা অফিস স্থানান্তর চেষ্টার প্রতিবাদে এলাকাবাসি মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে।

আজ রোববার দুপুরে কাপাশহাটিয়া ইউনিয়নের ভালকী বাজারে ব্যাংকের শত শত গ্রাহক ও এলাবাসি এই কর্মসুচি পালন করেন।

মানববন্ধন শেষে ভালকী বাজারে আয়োজিত এক সমাবেশে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধ ও সাবেক চেয়ারম্যান ইমদাদ হোসেন, মুক্তিযোদ্ধা রেজাউল ইসলাম, মহিউদ্দীন মাষ্টার, স্থানীয় মসজিদের ইমাম কুতুব উদ্দীন মন্ডল, বিসিআইসি সার ডিলার আব্দুল খালেক, স্কুল শিক্ষক ফয়জুর রহমান ফয়েজ, মোয়াজ্জেম হোসেন, খালেদুর রহমান, জাফর আলতাফ সোনা, সোহরাব হোসেন মন্ডল, সাবেক ইউপি সদস্য সালাহউদ্দীন, প্রভাষক ওলিয়ার রহমান, মিজানুর রহমান ও লিন্টু মন্ডল।

ব্যক্তিগন বলেন, হরিণাকুন্ডুর ভালকী বাজার বহু পুরানো জনপদ। এখানে চাকরিজীবী ও বড় বড় ব্যবসায়ী রয়েছেন। এই ব্যাংকে তাদের একাউন্ট রয়েছে। ব্যাংকটি অন্যত্র স্থানান্তর করা হলে গ্রাহকরা নিরাপত্তহীনতায় পড়তে পারে। গ্রাহক ও গ্রামবাসি ব্যাংকটি যাতে অন্যত্র সরিয়ে না নেওয়া হয় সে বিষয়ে ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

গাংনীতে গৃহবধুকে ধর্ষণ

চেষ্টার অভিযোগ দুই যুবকের বিরুদ্ধে

গাংনী উপজেলার সীমান্তবর্তি কাজিপুর গ্রামে এক গৃহবধুকে ধর্ষণের অপচেষ্টা চালিয়েছে পিন্টু (২৪) ও তার সহযোগী আশিক (২২) নামের দুই যুবক।

পিন্টু কাজিপুর গ্রামের বর্ডারপাড়া এলাকার বাবর আলীর ছেলে ও আশিক একই পাড়ার লিয়াকত আলীর ছেলে।

স্থানীয় মাঠের নিজ জমিতে ওই গৃহবধু গ্যামা ঘাস কাটতে গেলে এ ঘটনা ঘটে। গৃহবধু বাদী হয়ে গাংনী থানায় ধর্ষণের অপচেষ্টার অভিযোগ এনে মামলা দিয়েছেন।

স্থানীয় কাজিপুর ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের সদস্য আজিজুল হক বলেন, প্রবাস ফেরতের স্ত্রী বাড়ির পাশেই তার নিজ জমিতে গ্যামা ঘাস কাটতে গেলে পিন্টু ও আশিক নামের দুই যুবক তাকে জড়িয়ে ধরে শ্লিলতাহানির চেষ্টা চালিয়েছে বলে ওই গৃহবধু অভিযোগ করেছেন। যেহেতু বিষয়টি স্পর্শকাতর তাই থানায় মামলা করার পরামর্শ দিয়েছি।

ওই গৃহবধু জানান, আমি আমার বাড়ির গবাদী পশুর জন্য বাড়ির পাশেই নিজের জমির গ্যামা ঘাস কাটতে গেলে পিন্টু আমাকে জড়িয়ে ধরে ধর্ষণের চেষ্টা চালায়। আমি চিৎকার দিলে স্থানীয়রা ছুটে আসেন। পরে তারা পালিয়ে যায়।

স্থানীয়রা নাম প্রকাশ না করার শর্তে জানান, আশিকের বিরুদ্ধে এর আগেও ধর্ষণের অভিযোগ উঠেছিল। স্থানীয়দের ম্যানেজ করে সে যাত্রায় পার পেয়েছে। তারা স্থানীয় এক ফেনসিডিল ব্যবসায়ীর ফেনসিডিল বহনকারী হিসেবে কাজ করে বলে জানান স্থানীয়রা।

এই রিপোর্ট লেখা পর্যন্ত রাত ৮.১২ মিনিটের ওই গৃহবধু গাংনী থানায় মামলা করার জন্য অপেক্ষা করছেন বলে জানান। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, আমি একটু বাইরে আছি। থানায় গিয়ে অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষ আইনগত ব্যবস্থা নেবো।

প্রধানমন্ত্রীর কাছে ডা. জাফরুল্লাহ চৌধুরীর খোলা চিঠি

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে খোলা চিঠি লিখেছেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী।

সোমবার দুপুরে প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে চিঠিটি পৌঁছে দেয়া হয়েছে বলে গণমাধ্যমকে নিশ্চিত করেছেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রেস উপদেষ্টা জাহাঙ্গীর আলম মিন্টু।

২ হাজার ৬৬৪ শব্দের খোলা চিঠিতে এই মুক্তিযোদ্ধা দেশের চলমান পরিস্থিতি, সংকট নিয়ে লিখেছেন। চিঠিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ঈদুল আজহার দিন গুলশানে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বাসভবনে তাকে দেখতে যেতে বলেছেন। এমনটা করলে দেশের জনগণ খুশি হবে বলেও জানিয়েছেন জাফরুল্লাহ চৌধুরী।

চিঠির শুরুতে ডা.জাফরুল্লাহ চৌধুরী লিখেছেন, প্রিয় প্রধানমন্ত্রীর কাছে একজন নাগরিকের খোলা চিঠি।

অতীতে আপনার সঙ্গে সাক্ষাতের চেষ্টা করে ব্যর্থ হয়ে এই খোলা চিঠি লিখছি। আশা করি, প্রধানমন্ত্রীর দফতরের কেউ না কেউ আমার এই খোলা চিঠিটি আপনার নজরে আনবেন এবং আমি একটি প্রাপ্তি স্বীকার পত্র পাব। প্রিয় প্রধানমন্ত্রীর কাছে এটাই একজন নাগরিকের আকাঙ্ক্ষা।

সূত্র- যুগান্তর